# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## প্রধান প্রকৌশলীর কার্যালয়

ওয়াসা ভবন (৮ম তলা)
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা ১২১৫।

স্মারক নংঃ- ৪৬.১১৩.৪০২.০০.০০.২০২০/প্রঃপ্রঃ/১২৮ তারিখঃ ১৬/০৩/২০২২ ইং

**বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরের ঢাকা ওয়াসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) এর বিষয়ে কর্মসম্পাদন ব্যবস্থাপনা টীম এর মার্চ ২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ কামরুল হাসান, প্রধান প্রকৌশলী ও আহবায়ক, কর্মসম্পাদন ব্যবস্থাপনা টীম, ঢাকা ওয়াসা। |
| সভার তারিখঃ | ১৩-০৩-২০২২ খ্রিঃ |
| সভার সময়ঃ | বিকাল ৪.০০ মিনিট |
| স্থান ঃ | প্রধান প্রকৌশলীর দপ্তর, ০৮ তলা, ঢাকা ওয়াসা। |
| সভায় উপস্থিতির তালিকাঃ | পরিশিষ্ট-ক। |

সূচনাঃ
সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সূচনা করেন এবং উল্লেখ করেন যে বর্তমান প্রেক্ষাপটে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি খুবই গুরুত্বপূর্ণএবং এজন্য এখন থেকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য অর্জনে আমাদের আরো গুরুত্ব সহকারে কাজ করতে হবে।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ফোকাল পারসন, কর্মসম্পাদন ব্যবস্থাপনা টীম সভার কাজ শুরু করেন।

প্রথমেই বিগত মাসের এপিএ কমিটির সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন বিষয়ে আলাপ হয়। তারপরে আজকের সভার কার্যক্রম শুরু হয়। সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | প্রতি মাসের প্রথম সপ্তাহে এপিএ কমিটির মাসিক সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতি মাসের প্রথম সপ্তাহে এপিএ কমিটির মাসিকসভা আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ফোকাল পয়েন্ট<br>এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |
| ০২. | ২০২১-২২ অর্থ বৎসরের বার্ষিক কর্মপরিকল্পনা চুক্তি মূল্যায়ন নির্দেশিকা পাওয়া গিয়েছে। ঢাকা ওয়াসার ওএন্ডএম/রাজস্ব/প্রশাসন উইংয়ের মিটিংয়ে এই মুল্যায়নের উপরে একটি প্রেজেন্টেশন দেয়া প্রয়োজন। | ২০২১-২২ অর্থ বৎসরের বার্ষিক কর্মপরিকল্পনা চুক্তি মূল্যায়ন নির্দেশিকা বিষয়ে পরবর্তী ওএন্ডএম/ আরপিএন্ডডি মিটিংয়ে একটি প্রেজেন্টেশন দেয়া হবে। | এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |
| ০৩. | আগামী বৎসরের এপিএ-র কার্যক্রম কি কি হবে এবং লক্ষ্য কি হবে তা এপিএ কমিটিকে অবগত করার করার জন্য উইং প্রধানগণদেরকে পত্র দেয়া যেতে পারে। | বিগত বৎসর গুলোর এপিএ সংযুক্ত করত আগামী বৎসরের এপিএর কার্যক্রম কি কি হবে এবং লক্ষ্য কি হবে তা ২৭ মার্চের মধ্যে এপিএ কমিটিকে অবহিত করার জন্য আহ্বায়ক, এপিএ কমিটির স্বাক্ষরে উইং প্রধানগণের নিকট পত্র প্রেরণ করা হবে। | ফোকাল পয়েন্ট<br>এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | এপিএ কমিটির সদস্য জনাব সাইফুল ইসলামের স্থলে দায়িত্ব পালনের জন্য একজন সম-মর্যাদার কর্মকর্তাকে দায়িত্ব দেয়া যেতে পারে। | এপিএ কমিটির সদস্য জনাব সাইফুল ইসলাম প্রেষণে থাকাকালীন সময়ে গবেষণা কর্মকর্তা জনাব মোখলেসুর রহমান-কে দায়িত্ব দেয়ার প্রস্তাব দিয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট নথি উপস্থাপন করতে হবে। | ফোকাল পয়েন্ট<br>এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |
| ৫. | নির্ধারিত সময়ের মধ্যে এপিএ-র ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | এপিএ-র ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দাখিলের লক্ষ্যে প্রতিটি উইং প্রধানগণের নিকট ৫ এপ্রিলের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট<br>এপিএ কমিটি, ঢাকা ওয়াসা। |

**পরিসমাপ্তিঃ**
সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ কামরুল হাসান)
প্রধান প্রকৌশলী
ও
আহ্বায়ক
কর্মসম্পাদন ব্যবস্থাপনা টীম
ঢাকা ওয়াসা।

স্মারক নংঃ- ৪৬.১১৩.৪০২.০০.০০.২০২০/প্রঃপ্রঃ/১২৮, তারিখঃ ১৬/০৩/২০২২ইং

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
১) উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন), ঢাকা ওয়াসা।
২) পরিচালক (উন্নয়ন/টেকনিক্যাল/অর্থ), ঢাকা ওয়াসা।
৩) প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৪) বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
৫) প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৬) জনাবা শাহিদা কানিজ, উপ-সচিব ও সদস্য, এপিএ কমিটি, ঢাকা ওয়াসা।
৭) জনাব ইন্দ্রজিৎ সিংহ চৌধুরী, উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) ও সদস্য, এপিএ কমিটি, ঢাকা ওয়াসা।
৮) জনাবা অর্পিতা সাহা, সহকারি সিস্টেম এনালিস্ট (এমআইএস)ও সদস্য, এপিএ কমিটি, ঢাকা ওয়াসা।
১১) পি এ টু ব্যবস্থাপনা পরিচালক, (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা ওয়াসা।
১২) অফিস কপি।

১৬.০৩.২২

নিশান্ত মজুমদার
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (অঃদাঃ)
ও
ফোকাল পয়েন্ট
কর্মসম্পাদন ব্যবস্থাপনা টীম
ঢাকা ওয়াসা।